



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রংপুর

এবং

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৩
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৪
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৫

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সরকারি সিদ্ধান্ত মোতাবেক নতুন শিক্ষাক্রমের আলোকে শিক্ষার্থীদের শ্রেণি পাঠদান কার্যক্রম ও শিক্ষার্থীদের মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়। ৫২০০ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম বাস্তবায়নের জন্য সার্বিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বিভিন্ন প্রকল্প কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা অনুসরণ পূর্বক কার্যক্রম পরিচালনা করা হয়। মাধ্যমিক পর্যায়ে ৮৬৯ লক্ষ পাঠ্যপুস্তক বিনামূল্যে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়। এমপিও বিকেন্দ্রীকরণ ও অনলাইন পদ্ধতি চালুকরণের মাধ্যমে ১০০% আবেদন নিষ্পত্তি করা হয়েছে। শিক্ষা ব্যবস্থাপনায় ডিজিটাইজেশন কার্যক্রম প্রসারিত হয়েছে। ৪৯৮২টি শিক্ষা প্রতিষ্ঠানে আইএমএস চালু করা হয়েছে। অত্র অঞ্চলের ISAS সংযুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা ৩১৬৬টি। বিগত বছরে জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এর মাধ্যমে উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষককে নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সেসিপের সহায়তায় ৭৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে ILC ল্যাব স্থাপন করা হয়েছে। ৭২টি শিক্ষা প্রতিষ্ঠানে সাধারণ শিক্ষা ধারায় ভোকেশনাল কোর্স চালু করা হয়েছে। গত তিন বছরে ১৩৪৭ জন শিক্ষার্থীকে তফসিলি উপবৃত্তি প্রদান করা হয়েছে। মুজিব বর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বনজ, ভেষজ ও ফলজ বৃক্ষরোপন কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্যে মানসম্পন্ন শিক্ষক, শিক্ষা সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবহার নিশ্চিত করণ। সকল শিক্ষককে প্রশিক্ষণের মাধ্যমে যোগ্যতা বৃদ্ধির পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে শতকরা ১০০ ভাগ শিক্ষার্থী ভর্তি নিশ্চিত করণ। শিক্ষার্থীর ঋরে পড়া হ্রাসসহ শিক্ষার্থী-শিক্ষকের অনুপাত হ্রাস করা। মানসম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি ল্যাবগুলো সচল রাখা, মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বোচ্চ ব্যবহার এবং বিজ্ঞান শিক্ষার সুযোগ বৃদ্ধি করণ। শিক্ষার্থীদের মেধা ও মননের বিকাশে বিভিন্ন সৃজনশীল প্রতিযোগিতা আয়োজনের পাশাপাশি নতুন লাইব্রেরী প্রতিষ্ঠা এবং তার পূর্ণ ব্যবহার নিশ্চিত করণ। শিক্ষার্থীদের ঋরে পড়া রোধে উপবৃত্তির আওতা বৃদ্ধি করা। নতুন শিক্ষাক্রম বিষয়ে শিক্ষক অভিভাবক ও অন্যান্যদের আগ্রহী করে তোলা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে গৃহীত সকল কর্মসূচি বাস্তবায়নের সাথে সাথে ক্রমবর্ধমান মানসম্পন্ন শিক্ষা চাহিদা পূরণের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ক্ষমতা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর বিকেন্দ্রীকরণের ফলে প্রতিষ্ঠানের সকল সেবাসমূহকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়া। ৩৫০০ শিক্ষা প্রতিষ্ঠানে (প্রয়োজনে ক্লাস্টার ভিত্তিক) ডিজিটাল কনটেন্ট তৈরী করণ, IMS ১০০% Done এবং ১০০% ISAS প্রতিবেদন দাখিল নিশ্চিত করণ। ILC ল্যাবসমূহ পূর্ণাঙ্গভাবে চালুর ব্যবস্থা করা। নতুন শিক্ষাক্রম বিষয়ে ইন হাউস প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের জনবলকে শক্তিশালী করার উদ্যোগ গ্রহণ করণ। সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ISAS ক্যাটাগরি অনুযায়ী পরিদর্শনের আওতায় নেয়া। সাধারণ শিক্ষা ধারায় কারিগরি শিক্ষার প্রসার ঘটানো এবং নতুন শিক্ষাক্রম সংক্রান্ত বিষয়ে স্টেকহোল্ডারগণকে সচেতন করার মাধ্যমে তা বাস্তবায়ন নিশ্চিত করা।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- মাধ্যমিক পর্যায়ে ৩৫০ লক্ষ বই বিনামূল্যে বিতরণ;
- এমপিও নিষ্পত্তির হার ১০০% অব্যাহত রাখা ;
- শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের সংখ্যা বৃদ্ধি করণ;
- অধীনস্থ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের পেনশন, পিআরএল আবেদন ১০০% নিষ্পত্তিকরণ ;
- ন্যূনতম ১০০০ শিক্ষার্থীকে তফসিলী উপবৃত্তি প্রদান;
- নতুন শিক্ষাক্রম সংক্রান্ত বিষয়ে বিপুল সংখ্যক শিক্ষককে প্রশিক্ষণ প্রদান;
- নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন নিশ্চিত করণ।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রংপুর

এবং

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর মধ্যে ২০২৪ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

বৈশ্বিক প্রেক্ষাপট বিবেচনায় দেশপ্রেমিক দক্ষ মানব সম্পদ তৈরি করে উন্নত দেশ বিনির্মাণ।

১.২ অভিলক্ষ্য (Mission)

সৃজনশীল ও কর্মমুখী শিক্ষার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে চ্যালেঞ্জ গ্রহণে সক্ষম আধুনিক প্রযুক্তিনির্ভর, সমতাভিত্তিক, নৈতিকতাসমৃদ্ধ ও মুক্তিযুদ্ধের চেতনায় দক্ষ মানবসম্পদ তৈরি।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. শিক্ষার গুণগত মানোন্নয়ন
২. শিক্ষা প্রশাসনের সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও কার্যকর মনিটরিং
৩. শিক্ষার সমতা নিশ্চিতকরণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীবৃন্দের এমপিও সংক্রান্ত কাজ।
২. শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষা অফিস পরিদর্শন।
৩. সরকারি মাধ্যমিক বিদ্যালয়/উপজেলা/জেলা শিক্ষা অফিসে শিক্ষক-কর্মচারীদের বদলি সংক্রান্ত কাজ।
৪. অঞ্চলের আওতাধীন জেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এবং সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের (তৃতীয় ও চতুর্থ শ্রেণির) কর্মচারী ও শিক্ষকদের (নন গেজেটেড) টাইম-স্কেল ও উচ্চতর স্কেল মঞ্জুরকরণ।
৫. শিক্ষক ও কর্মচারীদের জিপিএফ এর অগ্রিম ঋণ ও চূড়ান্ত উত্তোলনের অনুমোদন।
৬. শিক্ষক-কর্মচারীর পি.আর.এল. ও পেনশন অনুমোদন/সুপারিশকরণ।
৭. জাতীয় শিক্ষা সপ্তাহ, উপ-অঞ্চল ও অঞ্চল পর্যায়ে জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতির খেলাধুলা পরিচালনা করণ।
৮. বদলিকৃত সরকারি কর্মকর্তা/কর্মচারীর সন্তানের মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তির ব্যবস্থা করা।
৯. অঞ্চলের আওতাধীন বিদ্যালয়/অফিসের শিক্ষক-কর্মচারীদের পাসপোর্ট-সংক্রান্ত কাজ (প্রত্যয়ন/সুপারিশকরণ)।
১০. তফসিলী (হিন্দু), প্রতিবন্ধীসহ সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান।
১১. বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা/বাস্তবায়ন।
১২. সর্বোপরি জাতীয় শিক্ষানীতির আলোকে শিক্ষা মন্ত্রণালয়, অন্যান্য মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহিত যাবতীয় কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি বৃদ্ধি	ভর্তির হার	%	১৮	২০	২২	২৪	২৬	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	ব্যানবেইস বার্ষিক রিপোর্ট
মাধ্যমিক শিক্ষায় ছাত্রী সংখ্যা বৃদ্ধি	শিক্ষার্থী ভর্তির হার	%	৫৭	৫৮	৫৯	৬০	৬১	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং তথ্য মন্ত্রণালয়	শিক্ষা মন্ত্রণালয় ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন
বিনামূল্যে বই বিতরণ	সংখ্যা	সংখ্যা (লক্ষ)	৩১০	২৫৩	৩৫০	৩৬০	৩৬৫	শিক্ষা মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়	মাউশি, রংপুর অঞ্চল
জাতীয় শিক্ষা সপ্তাহ	সংখ্যা	সংখ্যা	৩০	২৯	৪০	৪২	৪৫	শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় ও মাউশি অধিদপ্তর, ঢাকা	মাউশি অধিদপ্তর, ঢাকা ও মাউশি, রংপুর অঞ্চল

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] শিক্ষার গুণগত মানোন্নয়ন	২৫	[১.১] এমপিও সংশ্লিষ্ট আবেদন নিষ্পত্তি	[১.১.১] নিষ্পত্তির হার	গড়	শতকরা	১০	১০০	১০০	১০০			১০০		১০০	১০০
		[১.২] ছাত্র-ছাত্রীদের মধ্যে বই বিতরণ এবং পাঠ্যপুস্তক দিবস পালন	[১.২.১] বিনামূল্যে বই বিতরণকৃত	সমষ্টি	সংখ্যা (লক্ষ)	৫	৩১০	২৫৩	৩৫০			২৫৩		৩৬০	৩৬৫
		[১.৩] মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাশ গ্রহণের মাসিক প্রতিবেদন	[১.৩.১] মাসিক প্রতিবেদন	সমষ্টি	সংখ্যা	৫	০২	০০	১২			০০		১২	১২
		[১.৪] বিদ্যালয়ের কৃতি ভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি (P.B.M.) পদ্ধতির প্রবর্তন ও ISAS এর মাসিক প্রতিবেদন	[১.৪.১] প্রেরিত মাসিক প্রতিবেদনের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৫	১২	০৩	১২			০৩		১২	১২
[২] শিক্ষা প্রশাসনের সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও কার্যকর মনিটরিং	২৫	[২.১] শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষা অফিস পরিদর্শন	[২.১.১] পরিদর্শনকৃত শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠানের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	১০	৩৯০০	২৮৬৮	৪০০০			২৮৬৮		৪২০০	৪৩০০
			[২.১.২] পরিদর্শনকৃত জেলা/উপজেলা শিক্ষা অফিসের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	১০	৩৭	৩৯	৪০			৩৯		৪৫	৫০
		[২.২] অধীনস্থ শিক্ষক-কর্মকর্তা- কর্মচারীদের পেনশন, পিআরএল- এর আবেদন নিষ্পত্তিকৃত।	[২.২.১] নিষ্পত্তির শতকরা হার	গড়	শতকরা	৫	১০০	১০০	১০০			১০০		১০০	১০০
		[৩] শিক্ষার সমতা নিশ্চিতকরণ	২০	[৩.১] মাধ্যমিক ও উচ্চশিক্ষায় তফসীলী উপবৃত্তি প্রদান।	[৩.১.১] তফসীলী উপবৃত্তি প্রাপ্ত ছাত্র- ছাত্রীর সংখ্যা	গড়	সংখ্যা	১০	৪৪৬	৪৯৯	১০০০			৪৯৯	

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
		[৩.২] শিক্ষক/ শিক্ষার্থী/ অভিভাবকগণের সাথে মতবিনিময়	[৩.২.১] শিক্ষক শিক্ষার্থী ও অভিভাবকগণের সাথে মতবিনিময় এর সংখ্যা	সমষ্টি	সংখ্যা	১০	০২	০৩	০৪			০৩	০৪	০৪	

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০	৭.৮	৮						১০	১০
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০	৭	৭						১০	১০
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪	.৬৪	২						৪	৪
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩	১.৫৬	৩						৩	৩
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩	.৪৮	২						৩	৩

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রংপুর, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর হিসাবে আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রংপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.....
আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রংপুর

.....
তারিখ

.....
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

.....
তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	BANBEIS	Bangladesh Bureau of Educational Information and Statistics
২	ILC	ICT Learning Centre
৩	IMS	Institution Management System
৪	ISAS	Institutional Self-Assessment Summary
৫	MPO	Monthly Payment Order
৬	NTRCA	Non-Government Teachers' Recruitment and Certification Authority
৭	PBM	Performance Based Management
৮	SEDP	Secondary Education Development Program
৯	SESIP	Secondary Education Sector Investment Program
১০	UGC	University Grants Commission

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] এমপিও সংশ্লিষ্ট আবেদন নিষ্পত্তি	[১.১.১] নিষ্পত্তির হার	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাউশি রংপুর অঞ্চল	অগ্রায়ন পত্র ও অন্যান্য পত্রাদি প্রেরণ এবং এতদসংক্রান্ত অফিস আদেশের দাপ্তরিক নথি
[১.২] ছাত্র-ছাত্রীদের মধ্যে বই বিতরণ এবং পাঠ্যপুস্তক দিবস পালন	[১.২.১] বিনামূল্যে বই বিতরণকৃত	শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এবং মাউশি রংপুর অঞ্চল	অগ্রায়ন পত্র ও অন্যান্য
[১.৩] মাল্টিমিডিয়ায় মাধ্যমে ক্লাশ গ্রহণের মাসিক প্রতিবেদন	[১.৩.১] মাসিক প্রতিবেদন	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এবং মাউশি রংপুর অঞ্চল	পত্রাদি প্রেরণ এবং এতদসংক্রান্ত অফিস আদেশের দাপ্তরিক নথি
[১.৪] বিদ্যালয়ের কৃতি ভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি (P.B.M.) পদ্ধতির প্রবর্তন ও ISAS এর মাসিক প্রতিবেদন	[১.৪.১] প্রেরিত মাসিক প্রতিবেদনের সংখ্যা	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাউশি রংপুর অঞ্চল	অগ্রায়ন পত্র ও অন্যান্য
[২.১] শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষা অফিস পরিদর্শন	[২.১.১] পরিদর্শনকৃত শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠানের সংখ্যা	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাউশি রংপুর অঞ্চল	পত্রাদি প্রেরণ এবং এতদসংক্রান্ত অফিস আদেশের দাপ্তরিক নথি
	[২.১.২] পরিদর্শনকৃত জেলা/উপজেলা শিক্ষা অফিসের সংখ্যা	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাউশি রংপুর অঞ্চল	অগ্রায়ন পত্র ও অন্যান্য
[২.২] অধীনস্থ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের পেনশন, পিআরএল-এর আবেদন নিষ্পত্তিকৃত।	[২.২.১] নিষ্পত্তির শতকরা হার	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাউশি রংপুর অঞ্চল	পত্রাদি প্রেরণ এবং এতদসংক্রান্ত অফিস আদেশের দাপ্তরিক নথি
[৩.১] মাধ্যমিক ও উচ্চশিক্ষায় তফসীলী উপবৃত্তি প্রদান।	[৩.১.১] তফসীলী উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা	শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাউশি রংপুর অঞ্চল	অগ্রায়ন পত্র ও অন্যান্য
[৩.২] শিক্ষক/ শিক্ষার্থী/ অভিভাবকগণের সাথে মতবিনিময়	[৩.২.১] শিক্ষক শিক্ষার্থী ও অভিভাবকগণের সাথে মতবিনিময় এর সংখ্যা	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাউশি রংপুর অঞ্চল	অগ্রায়ন পত্র ও অন্যান্য পত্রাদি প্রেরণ এবং এতদসংক্রান্ত অফিস আদেশের দাপ্তরিক নথি

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষা অফিস পরিদর্শন	পরিদর্শনকৃত জেলা/উপজেলা শিক্ষা অফিসের সংখ্যা	উপজেলা মাধ্যমিক ও জেলা শিক্ষা অফিস	সরেজমিনে পরিদর্শন
শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষা অফিস পরিদর্শন	পরিদর্শনকৃত শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠানের সংখ্যা	সকল সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান	সরেজমিনে পরিদর্শন

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ